



SELEUCID

Shahbazgarhi
Mansehra
Pushkalavati
Taxila
GANDHARA

Kandahar
ARACHOSIA

GEDROSIA

MAURYA EMPIRE

Indraprastha

Ahichchatra

Nigali Sagar
Lumbini

Shravasti

Rampurva
Lauriya Nandangarh
Lauriya Araraj

Vaishali

Pataliputra

Pundravardhana

Barhut

Varanasi

Rajagriha

Champa

Prayag

Sarnath

MAGADHA

SAURASTRA

Ujjain

Tripuri

Tamralipti

Girnar

Bharukaccha

Arabian Sea

PULINDA

Kundina

KALINGA

Bay of Bengal

Sopara

Nasik

Pratishthana

Paudanyapura

Tosali

Dhauli
Jaugada

ANDHRA

Vengipura
Amaravati

Suvarnagiri

Sannati

Yerragudi

Nellore

CHOLA

PANDYA

INDIAN OCEAN

ANURADHAPURA

MAURYA EMPIRE

at the time of Ashoka

250 B.C.E.

- National Capital
- Provincial Capital
- Other Town/City
- Pillar Edict
- Major Rock Edict

মৌর্য সাম্রাজ্য

মৌর্য সাম্রাজ্য ছিল ভারতীয় উপমহাদেশের সবচেয়ে বড় সাম্রাজ্য। ভারতীয় উপমহাদেশে এর চাইতে বড় সাম্রাজ্য কখনোই ছিল না। মৌর্য রাজবংশ দ্বারা শাসিত এই সাম্রাজ্য ৩২১ খ্রিস্টপূর্বাব্দ থেকে ১৮৫ খ্রিস্টপূর্বাব্দ পর্যন্ত টিকে ছিল। বর্তমান যুগের মানচিত্রের নিরিখে এই সাম্রাজ্য উত্তরে হিমালয়, পূর্বে আসাম, পশ্চিমে বালুচিস্তান ও হিন্দুকুশ পর্বতমালা পর্যন্ত ছিল এই বিশাল সাম্রাজ্য। প্রাচীন ভারতের মগধকে কেন্দ্র করে গড়ে উঠা এই সাম্রাজ্যের রাজধানী ছিল পাটলিপুত্র। খ্রিস্টপূর্ব ৩২২ এ চন্দ্রগুপ্ত মৌর্য নন্দ রাজবংশকে উচ্ছেদ করে এই সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন।






চন্দ্রগুপ্ত মৌর্য

৩২৪ খ্রীষ্টপূর্ব-৩০০ খ্রীষ্টপূর্ব
রাজ্যাভিষেকঃ খ্রিস্টপূর্ব ৩২৪

চাণক্যে নামক তক্ষশীলার একজন কূটনৈতিক ব্রাহ্মণ যিনি কোটিল্য নামে পরিচিত ছিলেন তিনি মগধ শাসনকারী নন্দ রাজবংশের সম্রাট ধননন্দ কর্তৃক অপমানিত হয়েছিলে তাই তিনি ধননন্দকে সিংহাসনচ্যুত করার জন্য চন্দ্রগুপ্ত মৌর্যকে শিক্ষাদান করেন। তার সহায়তার চন্দ্রগুপ্ত মৌর্য নন্দ সাম্রাজ্যের পতন করে এবং ভারতে মৌর্য সাম্রাজ্য প্রতিষ্ঠা করতে সক্ষম হয়। কিন্তু প্রথমদিকে চাণক্য ও চন্দ্রগুপ্তের সেনাবাহিনী নন্দ সাম্রাজ্যের সাথে পরাজিত হলেও বেশ কয়েকটি যুদ্ধের পর তারা ধননন্দ ও তার সেনাপতি ভদ্রশালাকে পরাজিত করে পাটালিপুত্র নগরী দখল করে নেয় এবং মৌর্য সাম্রাজ্য প্রতিষ্ঠা করে। মহান সম্রাট আলেকজান্ডারের মৃত্যুর পর চন্দ্রগুপ্ত মৌর্য তার সাম্রাজ্যকে উত্তর পশ্চিমের অবস্থিত রাজ্যগুলোকে নিজের করে নেন। চন্দ্রগুপ্ত মৌর্য ২৯৮ খ্রিস্টপূর্বাব্দ পর্যন্ত শাসন করে স্বৈচ্ছায় অবসর গ্রহন করেন।

সম্রাট চন্দ্রগুপ্ত মৌর্যের অবসরের পর মাত্র ২২ বছর বয়সে তার পুত্র বিন্দুসার সিংহাসনে বসেন। বিন্দুসার মৌর্য সাম্রাজ্যকে দক্ষিণ দিকে প্রসারিত করেন, তিনি দক্ষিণ ভারতের কলিঙ্গ, চের, পাণ্ড্য ও চোল রাজ্য বাদে সকল রাজ্য নিয়ন্ত্রনে নেন।

তার রাজত্বকালে তক্ষশীলার অধিবাসীরা দুইবার বিদ্রোহ করেন কিন্তু বিন্দুসারের পক্ষে তা দমন করা সম্ভব হয়নি। বিন্দুসারের মৃত্যুর পর এই সাম্রাজ্যটির পরবর্তীতে কে সিংহাসনে বসবেন তা নিয়ে দ্বন্দ্ব দেখা দেয়। বিন্দুসার চেয়েছিলেন তার মৃত্যুর পর তার পুত্র সুসীম ক্ষমতার আসবে কিন্তু সুসীম ছিল যথেষ্ট অত্যাচারী ও অহংকারী। তাই বিন্দুসারের মন্ত্রীরা তাকে সমর্থন না করে বিন্দুসারের অপর পুত্র অশোকে সমর্থন দেয়। অশোক রাধাগুপ্ত নামক একজন মন্ত্রীর সহয়তায় পরবর্তীতে সিংহাসনে বসেন।



বিন্দুসার

খ্রিস্টপূর্ব ২৯৮ - খ্রিস্টপূর্ব ২৭২
রাজ্যাভিষেকঃ খ্রিস্টপূর্ব ২৯৮



সম্রাট অশোক


খ্রিস্টপূর্ব ২৭৩-খ্রিস্টপূর্ব ২৩২

রাজ্যাভিষেকঃ খ্রিস্টপূর্ব ২৬৯

বিন্দুসারের মৃত্যুর তিন বছর পর অশোক সিংহাসনে বসেন। সিংহাসনে বসে তিনি তার পিতামহ চন্দ্রগুপ্ত মৌর্য এবং পিতা বিন্দুসারের মত অশোক সম্রাট হিসেবে বসার পর প্রথম আট বছর সাম্রাজ্য বৃদ্ধিতে নিজেকে বেশি মনোনিবেশ করেন। তার সময়কালে তিনি মৌর্য সাম্রাজ্য আয়তন, সামরিক শক্তি ও সমৃদ্ধি বহুগুণে বৃদ্ধি করেছিলেন। উত্তরে হিন্দুকুশ পর্বতমালা থেকে শুরু করে দক্ষিণাত্যের কিছু অংশ বাদ দিয়ে সমগ্র ভারতবর্ষ তার দখলে চলে আসে। অশোকের রাজত্বকালেই বর্তমান ভারত, পাকিস্তান, আফগানিস্তানের অধিকাংশ, বাংলাদেশ, নেপালের কিয়দংশেও সুপ্রতিষ্ঠিত হয়। অশোকের রাজত্বকালে তিনি কলিঙ্গ আক্রমণ করেন যেই যুদ্ধে প্রায় এক লক্ষ মানুষ নিহত হন এবং দেড় লক্ষ মানুষ নির্বাসিত হয়েছিলেন। ভারতবর্ষের ইতিহাসের অন্যতম শ্রেষ্ঠ এই সম্রাট দক্ষিণাত্যের কিছু অংশ ব্যতীত সমগ্র ভারতবর্ষ শাসন করেন।

সম্রাট অশোকের মৃত্যুর পর পরবর্তী মৌর্য সাম্রাজ্য দুর্বল হয়ে পড়ে। পরবর্তী ছয় জন সম্রাটের কেউই আর সাম্রাজ্যকে ভালভাবে টিকিয়ে রাখতে পারেনি। দশরথ, সম্প্রতি, শালিশুক, দেববর্মণ, শতধনবান ও বৃহদ্রথ এই ছয় জনের পঞ্চাশ বছরের রাজত্বকালে মৌর্য সাম্রাজ্য এতটাই দুর্বল হয়ে পড়ে যে শেষ সম্রাট বৃহদ্রথ তার নিজ সেনাবাহিনীর প্রধান পুষ্যমিত্র শুঙ্গ কর্তৃক নিহত হন এবং সেই সাথে মৌর্য সাম্রাজ্যের পতন হয়ে শুঙ্গ সাম্রাজ্যের সূচনা হয়।





মৌর্য সাম্রাজ্যের কিছু নিদর্শন



মৌর্য সাম্রাজ্যের কিছু নিদর্শন